দৈনিক খবর
08
তারিখ 11 FEB 1992
পৃষ্ঠা 7 কলাম 8

# বাকী পরীক্ষাও যথারীতি নেয়া হবে

## — শিক্ষামন্ত্রী

।। স্টাফরিপোর্টার ।।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেছেন, দেশে পরিবহন ও

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## বাকী পরীক্ষাও

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষক ধর্মঘট থাকলেও গতকাল থেকে শুরু হওয়া দু'টি বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার প্রথম দিন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়েছে। এতে পরীক্ষার্থীদের অংশগ্রহণ আশাব্যঞ্জক এবং বাকী পরীক্ষাগুলো যথারীতি নেয়া হবে।

গতকাল সোমবার সন্ধ্যায় শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক জরুরী সাংবাদিক সম্মেলনে মন্ত্রী বলেন, ছাত্ররাই জাতির ভবিষ্যৎ। শিক্ষাংগনে সুষ্ঠু পরিবেশ বিরাজ করলে জাতির উন্নতি ও অগ্রগতি সাধিত হবে। বর্তমানে বিশ্ববিদ্যালয়সমূহে সেশন জট বিরাজ করলে ডিগ্রী পাস পরীক্ষায় কোনরূপ সেশন জট নেই উল্লেখ করে মন্ত্রী বলেন, গতকাল ১০ই ফেব্রুয়ারী থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৩২ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৭০টি পরীক্ষা কেন্দ্রে ১ লাখ ১৭ হাজার ৬৮০ জন ছাত্র-ছাত্রী পরীক্ষা দিচ্ছে। শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা হয়েছে। কোথাও গোলমাল হয়নি। মন্ত্রী গতকাল সোমবার তেজগাঁও, ধানমন্ডি কলেজসহ ঢাকা মহানগরীর কয়েকটি ডিগ্রী পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের কথা উল্লেখ করে বলেন, ছাত্র সমাজ, অভিভাবকবৃন্দ এবং সরকারী ও বেসরকারী শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের পূর্ণ সহযোগিতায় আমি আনন্দিত।

শিক্ষক-কর্মচারীরা ধর্মঘটে, সরকার আলোচনায় বসেও সমাধানের সুস্পষ্ট ঘোষণা দিচ্ছে না কেন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, "আমি সকলের জ্ঞাতার্থে বলতে চাই, বেসরকারী শিক্ষকবৃন্দের দাবী-দাওয়া সম্পর্কে সরকার মোটেই উদাসীন নন, তাদের ন্যায্য দাবী-দাওয়া সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। আলাপ-আলোচনার মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করা হবে।"

তাদের দাবীগুলো ন্যায্য হলে মানা হচ্ছে না কেন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, শুধুমাত্র সরকারী কর্মচারীদের জন্য পেন্সেন রয়েছে- বেসরকারী কর্মচারীদের জন্যনয়।